

# ওয়াশিংটনে নৃত্যশিল্পী অপর্ণা দত্তের নাচের স্কুল “নাফা”র যাত্রা শুরু

ভিওবিডি, ওয়াশিংটন ডিসি থেকে



বৃহত্তর ওয়াশিংটন এরিয়ার বিশিষ্ট ও জনপ্রিয় বাংলাদেশী নৃত্য শিল্পী অপর্ণা দত্তের নাচের স্কুল নুপুর একাডেমি অব ফাইন আর্টস (নাফা) এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। কথক নৃত্য, সেমি-ক্লাসিক্যাল নৃত্য ও ফোক ড্যান্স পারদর্শী অপর্ণা দত্ত দীর্ঘ দিন ধরেই বৃহত্তর ওয়াশিংটন এরিয়া অত্যন্ত সুনামের সাথে নাচের শিক্ষা দিয়ে আসছেন এবং বিভিন্ন অনুষ্ঠানে অত্যন্ত সুনামের সহিত নাচ পরিবেশন করে আসছেন। এই প্রথমবারের মত তিনি নিজের উদ্যোগে নাচের স্কুল প্রতিষ্ঠা করলেন। এই নাচের স্কুলে প্রতি রবিবার ১০ থেকে ৩টা পর্যন্ত বিভিন্ন ক্যাটাগোরিত এবং বিভিন্ন বয়সের ছাত্র ছাত্রীদেরকে প্রতি মাসে ৪০ ডলারের বিনিময়ে নাচ শিখাবেন। নাচ শিক্ষায় আগ্রহী নতুন ছাত্র ছাত্রীদেরকে অফেরতযোগ্য ২০ ডলারের বিনিময়ে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে।



বাংলাদেশী নৃত্যশিল্পী অপর্ণা দত্তের জন্ম ঢাকায় এবং ছোটবেলা থেকেই তিনি ঢাকায় নাচের তালিম নিয়েছেন। পরে তিনি বুলবুল ললিত কলা একাডেমী থেকে ৮ বছর ধরে নাচের তালিম নিয়ে অত্যন্ত সাফল্যের সাথে নাচের সার্টিফিকেট নিয়েছেন। দেশে থাকাকালীন সময়ে অপর্ণা দত্ত বিটিভি, চ্যানেল আই, ইটিভি, এটিএন বাংলা এনটিভি সহ বিভিন্ন মিডিয়া ও অনুষ্ঠানে অত্যন্ত সাফল্য ও দক্ষতার সাথে নৃত্য পরিবেশন করেছেন। এছাড়া ঢাকার নুতন কুঁড়ি একাডেমীতে দীর্ঘদিন ধরে নাচের শিক্ষক হিসাবে কাজ করেছেন। নৃত্য পরিবেশন করে অপর্ণা দত্ত জাতীয় পর্যায়ের এওয়ার্ড সহ প্রায় দুইশত এওয়ার্ড লাভ করেন।



দেশের ও প্রবাসের জনপ্রিয় নৃত্যশিল্পী অপর্ণা দত্তের নাচের স্কুল “নাফা” সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য নুপুর একাডেমী, ৭৪৪৮ গেডস্বাই স্কয়ার, আলেকজান্দ্রীয়া, ভার্জিনিয়া ২২৩১৫। ফোনঃ ৫৭১-২৪৩-০৬২০। ইমেইল [apparna.us@gmail.com](mailto:apparna.us@gmail.com) এর মাধ্যমে অপর্ণা দত্তের সাথে যোগাযোগ করা যেতে পারে। এছাড়া নুপুর একাডেমির ওয়েবসাইট <http://www.nupuracademy.com/> ভিজিট করে বিস্তারিত তথ্য সংগ্রহ করা যেতে পারে।